

ভাড়াটিয়াদের জন্য তথ্য: খালি করার আদেশ জারি করা হয়েছে

নিউ ইয়র্ক সিটির একটি এজেন্সি দ্বারা একটি খালি করার আদেশ জারি করা হয়েছে। এই নথিটি এর অর্থ কী, পরবর্তী পদক্ষেপগুলি আপনি কী আশা করতে পারেন এবং কীভাবে সহায়তা পেতে পারেন সে সম্পর্কে তথ্য প্রদান করে।

Para obtener una copia de este folleto sobre la Orden de Desalojo que se ha emitido para su edificio, utilice el código QR al final de este documento.

للحصول على نسخة من هذا المنشور المتعلق بأمر الإخلاء الصادر للمبنى الخاص بك، يُرجى استخدام رمز الاستجابة السريعة (QR) في نهاية هذه الوثيقة.

আপনার ভবনের জন্য জারি করা ভ্যাকট অর্ডার (ভবন ছেড়ে চলে যাওয়ার নির্দেশ) সংক্রান্ত এই পুস্তিকার একটি কপির জন্য, এই ডকুমেন্টের শেষে দেওয়া QR কোডটি ব্যবহার করুন।

Pour obtenir une copie de cette brochure sur l'arrêté de péril imminent qui a été prononcé pour votre bâtiment, utilisez le QR code se trouvant à la fin de ce document.

Si w vle resevwa yon kopi tiliv sa a sou Lòd pou Pati yo te pase pou bilding ou an, sèvi ak Kòd QR ki nan fen dokiman sa a.

귀 건물에 발부된 퇴거 명령과 관련된 본 팸플릿의 사본이 필요한 경우, 문서 끝에 있는 QR 코드를 사용하십시오.

Kopię niniejszej broszury dotyczącej Nakazu Opuszczenia Nieruchomości, który został wydany dla Państwa budynku, można uzyskać, skanując kod QR na końcu tego dokumentu.

Для получения копии этого буклета о Приказе об освобождении помещения, который был выдан для вашего здания, используйте QR-код в конце этого документа.

如需有关针对您所在建筑物发布的撤离令的小册子副本，请使用本文件末尾的QR码。

آپ کی عمارت (آپ کے مکان) کو خالی کرنے کے لیے جاری شدہ حکم کے بارے میں اس کتابچے کی ایک کاپی حاصل کرنے کے لیے، اس دستاویز کے آخر میں دئے گئے QR کوڈ کا استعمال کریں۔



খালি করার আদেশ কাকে বলে?

আপনার অ্যাপার্টমেন্ট বা বিল্ডিংটি একটি সিটি এজেন্সি দ্বারা খালি করার আদেশ জারি করা হয়েছে কারণ সেখানের পরিস্থিতি জীবন, জননিরাপত্তা বা সম্পত্তির জন্য আসন্নভাবে বিপজ্জনক, ঝুঁকিপূর্ণ বা ক্ষতিকারক অথবা ক্ষতিকারক হতে পারে। VACATE ORDER (খালি করার আদেশ) আপনার বিল্ডিং-এ স্পষ্টভাবে পোস্ট করা উচিত এবং খালি করার আদেশের কারণ এবং যে সিটি এজেন্সি (বা এজেন্সিগুলি) খালি করার আদেশ জারি করেছে তার নাম উভয়ই শামিল করা উচিত। যদি আপনার অ্যাপার্টমেন্ট খালি করার আদেশ দ্বারা প্রভাবিত হয় তাহলে এজেন্সি (বা এজেন্সিগুলি) খালি করার আদেশটি তোলা বা বাতিল না করা পর্যন্ত আপনি সেখানে থাকতে পারবেন না। খালি করা সম্পর্কে আরো বিস্তারিত তথ্যের জন্য এজেন্সির নামের অধীনে নিচে দেওয়া QR কোডটি স্ক্যান করুন।

আবাসন সংরক্ষণ এবং উন্নয়ন বিভাগ
(Department of Housing Preservation
and Development, DOHPD)-এর জন্য
স্ক্যান করুন খালি করার আদেশের তথ্য:



বিল্ডিং বিভাগ (Department
of Buildings, DOB)-এর
জন্য স্ক্যান করুন খালি করার
আদেশের তথ্য:



আমি কোথায় থাকতে পারি?

আপনার যদি জরুরী আশ্রয়ের প্রয়োজন হয়, অনুগ্রহ করে নিচে দেখুন:

- জরুরী আশ্রয়কেন্দ্র:** গ্রেটার নিউ ইয়র্কে American Cross-এর সাথে 1-877-RED-CROSS (733-2767), বিকল্প 1-এ যোগাযোগ করুন। রেড ক্রস যোগ্য পরিবারগুলিকে দুই রাত পর্যন্ত জরুরী আশ্রয় প্রদান করতে পারে।
- দীর্ঘমেয়াদী আশ্রয়কেন্দ্র:** আপনি একটি EHS আশ্রয় কেন্দ্রে দীর্ঘমেয়াদী আশ্রয়ের জন্য যোগ্য কিনা তা দেখতে HPD ইমার্জেন্সি হাউজিং সার্ভিসেস (Emergency Housing Services, EHS)-এর সাথে (212) 863-7660 নম্বরে যোগাযোগ করুন বা EHS-Remote@hpd.nyc.gov-তে ইমেইল করুন। আপনার যদি একটি যুক্তিসঙ্গত থাকার ব্যবস্থার প্রয়োজন হয় তাহলে আপনি আশ্রয় পরিষেবার জন্য নিবন্ধন করার সময় আপনার অনুরোধ জমা দিতে পারবেন। এমনকি যদি আপনার অস্থায়ী আবাসনের জন্য সিটির সহায়তার প্রয়োজন না হয় তবে আপনার বিল্ডিংয়ের খালি করার আদেশ বাতিল করা হলে আপনি যদি বিজ্ঞপ্তি পেতে চান তবে EHS-এর সাথে নিবন্ধন করা সহায়ক (আপনাকে সম্পত্তির মালিককে যোগাযোগের তথ্যও প্রদান করতে হবে)।



আমি কীভাবে আমার জিনিসপত্রগুলি পেতে পারি?

আপনার বিল্ডিংয়ের অবস্থার উপর নির্ভর করে আপনাকে আপনার ওষুধ এবং শনাক্তকরণের মতো প্রয়োজনীয় জিনিসগুলি পুনরুদ্ধার করার অনুমতি দেওয়া যেতে পারে। প্রবেশাধিকার পাওয়ার জন্য আপনার জমির মালিকের সাথে যোগাযোগ করুন। কিছু নির্দিষ্ট পরিস্থিতিতে, বিল্ডিংটিতে প্রবেশ করা নিরাপদ কিনা তা নির্ধারণ করতে সম্পত্তির মালিকদের NYC বিল্ডিং বিভাগ (DOB)-এর সাথে সমন্বয় করতে হবে।



সিটি থেকে কি জরুরী নগদ টাকা সহায়তা পাওয়া যায়?

আগুন বা প্রাকৃতিক দুর্যোগের কারণে হারিয়ে যাওয়া জামাকাপড়, ব্যক্তিগত জিনিস বা ফার্নিচারের জন্য আপনি NYC মানব সম্পদ প্রশাসন (Human Resources Administration)-এর মাধ্যমে জরুরী সহায়তার জন্য যোগ্য হতে পারেন। আরো তথ্যের জন্য 718-557-1399 নম্বরে মানব সম্পদ প্রশাসনের সাথে যোগাযোগ করুন বা nyc.gov/site/hra/help/cash-assistance.page-এ গিয়ে আরো তথ্য দেখুন



আমি কীভাবে সংকট ব্যবস্থাপনা সহায়তা অ্যাক্সেস করতে পারি?

খালি করার প্রক্রিয়া খুব চাপপূর্ণ। 988 হল বিনামূল্যে, গোপনীয় সংকট সংক্রান্ত পরামর্শদান, মানসিক স্বাস্থ্য এবং পদার্থের ব্যবহার সম্পর্কিত সহায়তা, তথ্য এবং রেফারেলগুলির সাথে ফোন, টেক্সট এবং অনলাইন চ্যাটের মাধ্যমে দিনের 24 ঘন্টা, সপ্তাহে 7 দিন আপনার সংযোগ করার নম্বর। আচরণগত স্বাস্থ্য পেশাদাররা আপনাকে 200 টিরও বেশী ভাষায় আপনার প্রয়োজনীয় পরিষেবাগুলির সাথে সংযুক্ত করতে পারেন।

- 988 নম্বরে কল বা টেক্সট করুন
- 988lifeline.org-এ অনলাইনে চ্যাট করুন



এরপর কী হবে?

আপনার জমির মালিকের/সম্পত্তির মালিককে অবশ্যই সেই শর্তগুলি সংশোধন করতে হবে যার কারণে খালি করার আদেশ দেওয়া হয়েছিল। সমস্ত কাজ নিরাপদে এবং কোড অনুযায়ী সম্পন্ন করা হয়েছে তা নিশ্চিত করার জন্য মালিককে DOB-তে প্রয়োজনীয় আবেদনপত্র ফাইল করার জন্য একজন লাইসেন্সপ্রাপ্ত ইঞ্জিনিয়ার বা আর্কিটেক্ট নিয়োগ করতে হতে পারে।

শর্ত(গুলি) সংশোধন করার পরে, সম্পত্তির মালিককে অবশ্যই অনুরোধ করতে হবে যে খালি করার আদেশটি তুলে নেওয়া হোক। প্রতিটি সিটি এজেন্সি যারা একটি খালি করার আদেশ দিয়েছে তারা তারপর কাজটি পরিদর্শন করবে এবং উপযুক্ত হলে, খালি করার আদেশ বাতিল করবে। মনে রাখবেন যে যদি একাধিক সিটি এজেন্সি একটি খালি করার আদেশ জারি করে থাকে তাহলে আপনি পুনর্দখল করার আগে প্রতিটি এজেন্সিকে সেই খালি করার আদেশটি অবশ্যই বরখাস্ত করে দিতে হবে।



আমি কি আমার অ্যাপার্টমেন্টে থেকে থাকা আমার অধিকারগুলি হারাবো?

আপনি ভাড়া-স্থিতিশীল, ভাড়া-নিয়ন্ত্রিত বা বাজার-দরের অবস্থায় থাকা অ্যাপার্টমেন্টে থাকেন কিনা এবং অন্যান্য কারণগুলির মধ্যে বিল্ডিংয়ের ক্ষতির পরিমাণের উপর নির্ভর করে আপনার অধিকারগুলি পরিবর্তিত হতে পারে। আমরা আপনাকে NYS এবং NYC আবাসন আইনের সাথে পরিচিত একজন আইনজীবীর সাথে পরামর্শ করার সুপারিশ করি।

আপনি যদি **ভাড়া-স্থিতিশীল/ভাড়া-নিয়ন্ত্রিত** অবস্থায় থেকে থাকা একজন ভাড়াটিয়া হন তাহলে আপনি আপনার অ্যাপার্টমেন্টে বসবাস না করা সময়ের জন্য আপনার মাসিক ভাড়াকে প্রতি মাসে \$1-এ আইনীভাবে কমিয়ে আনতে ফাইল করতে পারবেন। অনেক লোকেরা ভাড়া-স্থিতিশীল অবস্থায় থাকা অ্যাপার্টমেন্টে থাকেন এবং এটি সম্পর্কে অবগত নয়। নিউ ইয়র্ক স্টেট আবাসন ও কমিউনিটি পুনর্নবীকরণ বিভাগ (Division of Housing and Community Renewal, DHCR) আরো তথ্য প্রদান করতে পারে। DHCR থেকে আরো তথ্য <https://hcr.ny.gov/living-conditions-and-essential-services>-এ উপলব্ধ।



আমি একজন আইনজীবী বহন করতে পারবো না, বিনামূল্যে আইনী পরিষেবার জন্য কি কোনো বিকল্প মৌজুদ আছে?

আপনি যদি একজন অ্যাটর্নি বহন করতে না পারেন তাহলে 311-এ কল করে “Tenant Helpline” (টেন্যান্ট হেল্পলাইন)-এর জন্য জিজ্ঞাসা করুন।



যদি জমির মালিক আমাকে না ফেরানোর জন্য হয়রান করার চেষ্টা করে তাহলে কী হবে?

ভাড়াটিয়াদের তাদের অ্যাপার্টমেন্ট থেকে জোরপূর্বক বের করে দিতে বা তাদের অধিকার সমর্পণ করার জন্য মালিকের দ্বারা হয়রানি অবৈধ। আপনি যদি হয়রানির শিকার হন তবে আপনাকে সহায়তা করার জন্য আপনি বিনামূল্যে আইনী পরিষেবাও চাইতে পারেন। হয়রানির উদাহরণগুলির মধ্যে নিম্নগুলি शामिल থাকতে পারে, কিন্তু এতেই সীমাবদ্ধ নয়:

- ইজারা অফার না করা, ইজারা নবায়ন করা, বা বারবার আপনাকে স্থানান্তর করার জন্য বা আপনার অধিকার ছেড়ে দেওয়ার জন্য অর্থ প্রদানের চেষ্টা করা (“একটি কেনাকাটা”)
- আপনাকে জিনিসপত্র পুনরুদ্ধার করার অনুমতি দেওয়ার জন্য সিটি এজেন্সির সাথে পরামর্শ না করা
- আপনার লিখিত অনুমতি না নিয়ে আপনার চাকরির জায়গায় আপনার সাথে যোগাযোগ করে বা কেনাকাটার অফারের সাথে সম্পর্কিত মিথ্যা তথ্য প্রদান করে আপনাকে হুমকি, ভয় দেখানো বা অশ্লীল ভাষা ব্যবহার করার সময় আপনাকে কেনাকাটার অফার করা
- অযৌক্তিক উচ্ছেদের নোটিশ বা বেআইনী লকআউট
- হুমকি এবং ভীতিপ্রদর্শন (যেমন, আপনাকে সরে যেতে বা আপনার অধিকার ত্যাগ করতে উৎসাহিত করার জন্য ফোন কল)।
- ইচ্ছাকৃতভাবে ভাড়াটিয়াদের জন্য নির্মাণ-সম্পর্কিত সমস্যা সৃষ্টি করা (যেমন, ঘণ্টার পর ঘণ্টা কাজ করা, প্রবেশপথ অবরুদ্ধ করা, বা অতিরিক্ত ধুলো এবং ধ্বংসাবশেষ অপসারণ করতে ব্যর্থ হওয়া)
- খালি করার আদেশ(গুলি) অনুযায়ী প্রয়োজনীয় মেরামত সময়মত না করা
- আপনি যে বিল্ডিং বা অ্যাপার্টমেন্টে বসবাস করতেন সেটিকে সিটির দ্বারা বসবাসের যোগ্য বলে গণ্য করা এবং খালি করার আদেশ বাতিল করা হয়েছে সে সম্পর্কে আপনাকে অবহিত না করা



আমি কীভাবে খালি করার আদেশ(গুলি), বিল্ডিং-এর মেরামত এবং খালি করার আদেশের স্থিতি সম্পর্কে আরো তথ্য পেতে পারি?

যে এজেন্সি (বা এজেন্সিগুলি) খালি করার আদেশ দিয়েছে তা বিল্ডিংয়ের প্রবেশদ্বারে লাগানো খালি করার আদেশে চিহ্নিত করা হয়েছে। খালি করার আদেশ সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য, যার মধ্যে এগুলি शामिल রয়েছে:

- খালি করার আদেশটি তুলে নেওয়ার জন্য কী করা আবশ্যিক?
- আমি কি মেরামতের অগ্রগতি ট্র্যাক করতে পারি?
- আমি কীভাবে জানবো যে ফিরে আসা কখন নিরাপদ হবে?

অনুগ্রহ করে পৃষ্ঠা 1-এ সংশ্লিষ্ট এজেন্সির অধীনে দেওয়া QR কোডগুলি দেখুন।

সাধারণভাবে আবাসন সম্পর্কিত আপনার অধিকার এবং ভাড়াটিয়াদের জন্য অতিরিক্ত সংস্থানগুলি সম্পর্কে আরো তথ্যের জন্য নিচে দেওয়া হাউজিং QR কোডের ABCs স্ক্যান করুন:

